গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

## আসন্ন পবিত্র রমজান-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : সালেহীন তানভীর গাজী
জেলা প্রশাসক, জয়পুরহাট
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১০/০৩/২০২৪
সময় : বেলা ১২.৩০ টা

সভার উপস্থিতি : পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে পবিত্র রমজানের শুভেচ্ছা জানিয়ে সভার কাযর্ক্রম শুরু করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা এবং উপস্থিত সদস্যগণের মতামতের আলোকে আসন্ন পবিত্র রমজান, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত:

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | ০১) আইন-শৃংখলা নিয়ন্ত্রণকল্পে সন্ত্রাসী চক্র ও দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০২) পবিত্র রমজান মাসে নিরাপদে বেচাকেনার সুবিধার্থে বিপণিকেন্দ্রসহ চলাচলের রাস্তায় পুলিশের বিশেষ টহলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০৩) দোকান মালিকগণ বাজারভিত্তিক নিজস্ব ব্যবস্থাপনায় নিরাপত্তাকর্মী নিয়োগ করবেন।<br>০৪) বাস ও রেলস্টেশনের অজ্ঞান/মলম পার্টির খপ্পর হতে পরিত্রানের লক্ষ্যে অপরিচিত কারও কাছ থেকে কিছু না খাওয়ার ব্যাপারে যাত্রী ও জনসাধারণকে সতর্ক করানোর বিষয়ে প্রচারণা চালাতে হবে। | ১। পুলিশ সুপার, জয়পুরহাট।<br>২। ক্যাম্প কমান্ডার, র‍্যাব ক্যাম্প, জয়পুরহাট।<br>৩। মেয়র, জয়পুরহাট পৌরসভা।<br>৪। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট। |
| ০২ | পবিত্র রমজান-২০২৪ উপলক্ষ্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর সরবরাহ, মজুদ, মূল্য পরিস্থিতি তদারকির নিমিত্ত নিম্নবর্ণিত বাজার মনিটরিং কমিটি গঠন করা হয়:<br>০১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট- আহবায়ক<br>০২) অতিরিক্ত পুলিশ সুপার, জয়পুরহাট সদস্য<br>০৩) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট সদস্য<br>০৪) জেলা প্রাণীসম্পদ অফিসার, জয়পুরহাট সদস্য<br>০৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট সদস্য<br>০৬) জেলা মৎস্য অফিসার, জয়পুরহাট সদস্য<br>০৭) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, জয়পুরহাট সদস্য<br>০৮) সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জয়পুরহাট সদস্য<br>০৯) জেলা মার্কেটিং অফিসার, জয়পুরহাট সদস্য<br>১০) নিরাপদ খাদ্য কর্মকর্তা, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জয়পুরহাট সদস্য<br>১১) প্যানেল মেয়র, জয়পুরহাট পৌরসভা সদস্য<br>১২) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জয়পুরহাট সদস্য<br>১৩) সভাপতি, ক্যাব, জয়পুরহাট জেলা শাখা সদস্য<br>১৪) সভাপতি, জয়পুরহাট প্রেসক্লাব সদস্য<br>১৫) সভাপতি, জয়পুরহাট জেলা প্রেসক্লাব সদস্য | ১। আহবায়ক, বাজার মনিটরিং কমিটি, জয়পুরহাট।<br>২। সভাপতি, জয়পুরহাট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ। |

| | | |
|---|---|---|
| | ১৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা, জয়পুরহাট কালেক্টরেট সদস্য-সচিব এছাড়াও জয়পুরহাট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সদস্যগণের সমন্বয়ে পৃথক কমিটি গঠন করে নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম পরিচালনার জন্য চেম্বার সভাপতিকে অনুরোধ জানানো হয়। | |
| ০৩ | জেলা বাজার মনিটরিং কমিটির আঙ্গিকে উপজেলাগুলোতেও কমিটি গঠন করে বাজার মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জয়পুরহাট |
| ০৪ | পবিত্র রমজান মাসে নিম্ন আয়ের মানুষের মৌসুমী ফলমূল এর চাহিদা পূরণের কথা বিবেচনা করে জেলার তরমুজ ব্যবসায়ীদের সাথে আলোচনা করে তরমুজ এর দাম নিয়ন্ত্রণে রেখে কেটে বিক্রয় করার বিষয়টি নিশ্চিত করার জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট-কে অনুরোধ জানানো হয়। এছাড়াও নিম্ন আয়ের মানুষের আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে মাছ, মাংস, মুরগী, ডিম, দুধ এর দাম নিয়ন্ত্রণে রেখে বড় মাছ, মুরগী কেটে বিক্রয় করার জন্য সকল ব্যবসায়ীদের অনুরোধ জানানো হয়। এছাড়াও রমজান মাসের পবিত্রতা রক্ষার্থে অতিরিক্ত লাভ করার মনমানসিকতা পরিহার করে সীমিত লাভে পণ্য বিক্রয় করার জন্যও সকল ব্যবসায়ীদেরকে অনুরোধ জানানো হয়। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, এ জেলায় মাছ, মাংস, ডিম পর্যাপ্ত পরিমাণ মজুদ আছে, আপাতত ০২ (দুই) মাসের মধ্যে ঘাটতি হওয়ার সম্ভাবনা নেই। বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সকলের সর্বসম্মতিতে মাছ, মাংস, ডিম, মুরগী ও অন্যান্য পণ্যের বিক্রয় মূল্য নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। নির্ধারিত মূল্যের অধিক মূল্যে অত্যাবশ্যকীয় পণ্যসমূহ বিক্রয় করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সকলকে অবগত করা হয়। নির্ধারিত মূল্যে পণ্য বিক্রয় করা হচ্ছে কিনা সে বিষয়টি নিশ্চিতকল্পে জেলা বাজার মনিটরিং কমিটিকে অনুরোধ করা হয়। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট।<br>২। মেয়র, জয়পুরহাট পৌরসভা।<br>৩। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জয়পুরহাট।<br>৪। জেলা বাজার কর্মকর্তা, জয়পুরহাট<br>৫। সভাপতি/সম্পাদক.................. ব্যবসায়ী সমিতি, জয়পুরহাট। |
| ০৫ | পবিত্র রমজান উপলক্ষ্যে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধি, খাদ্য, ফলমূল ও শাকসবজিতে ফরমালিন ও ক্ষতিকর রাসায়নিক পদার্থের সংমিশ্রণ, ওজনে কারচুপি, অস্বাভাবিক মজুদের মাধ্যমে বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি এবং এ বিষয়ক আইন-আদেশ, বিধি-বিধান অমান্যকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এবং সংশ্লিষ্ট অন্যান্য আইনের আওতায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট |
| ০৬ | এ জেলার টিসিবি কার্যক্রমের আওতায় টিসিবি কার্ডপ্রাপ্ত মোট ৫৯৪৭৫ টি পরিবারের মাঝে ১০০ টি বিক্রয় পয়েন্ট হতে দুই ধাপে বিক্রয় ক্যালেন্ডার মোতাবেক প্রতিদিন নিত্যপ্রয়োজনীয় পণ্য (তেল, চিনি, ডাল, খেজুর ও ছোলা) সাশ্রয়ী মূল্যে বিক্রয় কার্যক্রম সম্পন্ন হচ্ছে। বিক্রয় কার্যক্রম নিবিড়ভাবে তদারকির জন্য টিসিবি পণ্য বিক্রয় সংক্রান্ত জেলা ও উপজেলা মনিটরিং কমিটিকে অনুরোধ জানানো হয়। | টিসিবি পণ্য বিক্রয় সংক্রান্ত জেলা ও উপজেলা মনিটরিং কমিটি |
| ০৭ | সরকারি নির্দেশনার আলোকে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য তালিকা ব্যবসা প্রতিষ্ঠানের সম্মুখে প্রকাশ্য স্থানে টানানোর জন্য এবং যেসকল পণ্যের দাম উঠানামা করে সে সকল পণ্যের দাম কলম দিয়ে লিখে দোকানের সম্মুখে প্রকাশ্য স্থানে টানানোর জন্য সকল ব্যবসায়ীকে অনুরোধ জানানো হয়। প্রতিদিন বিষয়টি নিশ্চিত করার জন্য বাজার মনিটরিং কমিটি, জেলা মার্কেটিং অফিসার এবং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি জয়পুরহাটকে অনুরোধ জানানো হয়। | ১। বাজার মনিটরিং কমিটি, জয়পুরহাট।<br>২। জেলা মার্কেটিং অফিসার, জয়পুরহাট।<br>৩। চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জয়পুরহাট |
| ০৮ | পবিত্র রমজান উপলক্ষ্যে কাফেলা গঠন ও পরিচালনা, সেহরীর জন্য মাইকিং বা এ ধরনের যে কোন কার্যক্রম পরিচালনাকারীদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য জেলা তথ্য অফিসার, জয়পুরহাটকে অনুরোধ জানানো হয়। | ১। পুলিশ সুপার, জয়পুরহাট।<br>২। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট। |
| ০৯ | হোটেল ও রেস্টুরেন্ট মালিকগণকে রমজানের পবিত্রতা রক্ষা করে দিনের বেলায় বেচা-কেনা করার সময় পর্দা টানানো এবং কোন প্রতিষ্ঠানে পোড়া তেল ব্যবহার না করার বিষয়টি নিশ্চিত করার জন্য সভাপতি, হোটেল ও রেস্টুরেন্ট ব্যবসায়ী সমিতিকে অনুরোধ | ১। পুলিশ সুপার, জয়পুরহাট।<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট। |

| | | |
|---|---|---|
| | জানানো হয়। হোটেল রেষ্টুরেন্টে রান্নার কাজে পোড়া তেল ব্যবহারকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণপূর্বক ভ্রাম্যমান আদালত পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। সভাপতি, হোটেল ও রেস্টুরেন্ট ব্যবসায়ী সমিতি, জয়পুরহাট। |
| ০৯ | পবিত্র রমজান উপলক্ষ্যে যানজট নিরসনকল্পে সকাল ০৮.০০ টা হতে রাত্রি ০৮.০০ টা পর্যন্ত পণ্যবাহী কোন ট্রাক শহরে প্রবেশ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিপণী বিতানসমূহের সামনে কিংবা রাস্তার পাশে যত্রতত্র গাড়ি পার্কিং এর মাধ্যমে যানজট সৃষ্টি না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। বিষয়টি নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, জয়পুরহাটকে অনুরোধ জানানো হয়। | পুলিশ সুপার, জয়পুরহাট। |
| ১০ | পবিত্র রমজান উপলক্ষ্যে সারা জেলার বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে বিশেষ করে ইফতার, তারাবীহ ও সেহরীর সময় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে সতর্ক দায়িত্ব পালনের জন্য নিবার্হী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লি: জয়পুরহাট এবং জেনারেল ম্যানেজার, জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, জয়পুরহাটকে অনুরোধ জানানো হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো, জয়পুরহাট<br>২। জেনারেল ম্যানেজার, জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, জয়পুরহাট |
| ১১ | আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে বাস ও ট্রেনের টিকিট ক্রয়ে যাত্রীসাধারণ যাতে হয়রানির স্বীকার না হয়, সেদিকে বিশেষ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং আইন প্রয়োগকারী সংস্থাকে অনুরোধ জানানো হয়। এছাড়া যাত্রীসাধারণের সুবিধার্থে বাস ও রেলের কাউন্টারের প্রকাশ্যে স্থানে তারিখ ভিত্তিক বিক্রিত ও অবিক্রিত টিকিটের হিসাব ডিসপ্লে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পুলিশ সুপার, জয়পুরহাট।<br>২। স্টেশন মাস্টার, রেলওয়ে স্টেশন, জয়পুরহাট।<br>৩। সভাপতি, বাস মালিক সমিতি, জয়পুরহাট। |
| ১২ | পবিত্র রমজান উপলক্ষ্যে প্রতিবারের ন্যায় জেলা প্রশাসকের কার্যালয়, সুগার মিলস লিমিটেড, জয়পুরহাট এবং ফায়ার সার্ভিস হতে সাইরেন বাজিয়ে চাঁদ দেখা, ইফতার ও সেহরীর জন্য সময় সংকেত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। নেজারত ডেপুটি কালেক্টর, জয়পুরহাট।<br>২। ব্যবস্থাপনা পরিচালক, সুগার মিলস লি: জয়পুরহাট।<br>৩। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, জয়পুরহাট। |
| ১৩ | প্রাণিসম্পদ বিভাগ কর্তৃক নিয়োজিত কর্মকর্তার সনদপত্রের ভিত্তিতে হাট-বাজারে পশু জবাইয়ের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। বিষয়টি নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে আনুরোধ জানানো হয়। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য মেয়র, জয়পুরহাট পৌরসভাকে অনুরোধ জানানো হয়। | ১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।<br>২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জয়পুরহাট। |
| ১৪ | ইফতারির জন্য তৈরীকৃত বেগুনি, পিয়াজু, জিলাপি, রসুনি, লাচ্ছা ইত্যাদি তৈরিতে পোড়া তেলের ব্যবহার এবং এগুলোতে ক্ষতিকর রং এর মিশ্রণ সম্পূর্ণরূপে পরিহার করার জন্য হোটেল মালিকগণকে অনুরোধ জানানো হয়। এ নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পুলিশ সুপার, জয়পুরহাট।<br>২। বিজ্ঞ অতিরিক্ত ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট। |
| ১৫ | রমজান মাসে কিছু কিছু দোকানী "নিরাপদ খাদ্য আইন-২০১৩" পরিপন্থী ফুটপাতে উন্মুক্ত স্থানে ইফতার-সামগ্রী তৈরি ও বিক্রয় করে থাকেন; যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এ ধরনের বেচা কেনা নিরুৎসাহিত করা এবং আইন-অমান্যকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য জেলা তথ্য অফিসার, জয়পুরহাটকে অনুরোধ জানানো হয়। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট।<br>২। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট। |
| ১৬ | পবিত্র রমজান-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে নিত্য প্রয়োজনীয় ভোগ্য সামগ্রীর দাম নির্ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে ভোগ্য সামগ্রীর দাম নির্ধারণের বিষয়ে সকলে একমত পোষণ করেন। জেলা প্রশাসন, বণিক সমিতি এবং সাধারণ ব্যবসায়ী কর্তৃক নির্ধারিত বাজারদর কোন মতেই কমবেশী না করার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। কোন ভোগ্য সামগ্রীর দাম কম-বেশী না করার জন্য সকলকে অনুরোধ করা হয়। নির্ধারিত বাজারদর মনিটরিং এবং তদারকির নিমিত্ত নিম্নবর্ণিত বাজার দর মনিটরিং উপকমিটি গঠন করা হয়:<br>০১) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট আহবায়ক<br>০২) জেলা প্রাণীসম্পদ অফিসার, জয়পুরহাট সদস্য | জেলা বাজারদর মনিটরিং উপকমিটি, জয়পুরহাট |

| | | |
|---|---|---|
| | ০৩) জেলা মৎস্য অফিসার, জয়পুরহাট সদস্য<br>০৪) সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জয়পুরহাট সদস্য<br>০৫) জেলা মার্কেটিং অফিসার, জয়পুরহাট সদস্য<br>০৬) নিরাপদ খাদ্য কর্মকর্তা, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জয়পুরহাট সদস্য<br>০৭) প্যানেল মেয়র, জয়পুরহাট পৌরসভা সদস্য<br>০৮) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জয়পুরহাট সদস্য<br>০৯) সহকারী কমিশনার, সাধারণ শাখা, জয়পুরহাট সদস্য | |
| ১৭ | পবিত্র রমজান-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে সভাপতি/সাধারণ সম্পাদক, দুগ্ধ খামার মালিক সমিতি, জয়পুরহাট জানান এ জেলায় দুধের চাহিদা অনুযায়ী উৎপাদন ঘাটতি নাই। তবে দামের বিষয়ে তিনি বলেন ৭০-৭৫ টাকা প্রতি কেজি দুধের দাম নির্ধারণ করা হলে খামারী, পাইকার এবং খুচরা ব্যবসায়ী কারো কোন লোকসান হবে না মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে রমজান মাসে দুধের দাম প্রতি কেজি সর্বোচ্চ ৭০/- (সত্তর) টাকা দরে বিক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পুলিশ সুপার, জয়পুরহাট।<br>২। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, জয়পুরহাট।<br>৩। জেলা মার্কেটিং অফিসার, জয়পুরহাট।<br>৪। সভাপতি/সাধারণ সম্পাদক, দুগ্ধ খামার ব্যবসায়ী সমিতি, জয়পুরহাট। |
| ১৮ | খাদ্যদ্রব্যে সম্ভাব্য ঝুঁকি মোকাবিলায় করণীয় সম্পর্কে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ হতে প্রাপ্ত গণবিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের সিদ্ধান্ত গ্রহীত হয়। | জেলা তথ্য অফিসার, জয়পুরহাট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(সালেহীন তানভীর গাজী)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোন: ০২৫৮৯৯১৫৬০৮
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৩৮০০.০০৫.৯৯.১০৬.২২-২২৩

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০ / ১২ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, কাওরান বাজার, ঢাকা-১২১৫
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
০৪। পুলিশ সুপার, জয়পুরহাট।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/রাজস্ব/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট।
০৬। উপজেলা পরিষদ চেয়ারম্যান, জয়পুরহাট সদর/পাঁচবিবি/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর, জয়পুরহাট ।
০৭। মেয়র, জয়পুরহাট সদর/পাঁচবিবি/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর পৌরসভা, জয়পুরহাট ।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর, জয়পুরহাট।
০৯। নির্বাহী প্রকৌশলী, ........................................................................ জয়পুরহাট।
১০। উপপরিচালক,........................................................................................, জয়পুরহাট।
১১। জেলা,................................................................................................ , জয়পুরহাট।
১২। ব্যবস্থাপনা পরিচালক, জয়পুরহাট সুগার মিলস লি:, জয়পুরহাট।
১৩। জেনারাল ম্যানেজার, জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, জয়পুরহাট।
১৪। সভাপতি/সাধারণ সম্পাদক,......................................................................., জয়পুরহাট।
১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, মাছ/মাংস/দুধ/ডিম/কাঁচামাল/ফলমূল/চাউল, ব্যবসায়ী সমিতি, জয়পুরহাট।
১৬। জনাব, ..........................................................................................................., জয়পুরহাট।

১২/০৩/২০২৪
(মোহা: সবুর আলী)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
জয়পুরহাট
ফোন: ০২৫৮৯৯১৫০৫৫
adcgjoypurhat@mopa.gov.bd